তারিখ · 31 JAN 2017
পৃষ্ঠা ১৬ কলাম ১

সংবাদ

সংসদে —

# ক্যাডেট কলেজ বিল পাস

সংসদ বার্তা পরিবেশক

বিদ্যমান আইন রহিত করে প্রয়োজনীয় বিধি-বিধান সংযোজনের মাধ্যমে সংসদে ক্যাডেট কলেজ বিল-২০১৭ পাস করা হয়েছে। গতকাল দশম জাতীয় সংসদের ১৪তম অধিবেশনের ৬ষ্ঠ কার্যদিবসে সংসদকার্যে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত আইন, বিচার ও সংসদ বিষয়কমন্ত্রী আনিসুল হক বিলটি পাসের প্রস্তাব করলে কণ্ঠভোটে তা পাস হয়। জাতীয় পার্টির নুরুল ইসলাম ওমর, নুরুল ইসলাম মিলন, বেগম নূর-ই হাসনা লিলি চৌধুরী ও স্বতন্ত্র সদস্য সেলিম উদ্দিন, বিলের ওপর জনমত যাচাই, বাছাই কমিটিতে প্রেরণ ও সংশোধনী প্রস্তাব আনলে তা কণ্ঠভোটে নাকচ হয়ে যায়।

বিলে পাস : পৃষ্ঠা : ২ ক : ৭

## পাস : কলেজ বিল

(১৬ পৃষ্ঠার পর)

ক্যাডেট কলেজ প্রতিষ্ঠা, এর কার্যালয়, কলেজের ক্ষমতা ও কার্যাবলিসহ সংশ্লিষ্ট বিষয়ে বিধান করা হয়েছে। বিলে ক্যাডেট কলেজসমূহের একটি কেন্দ্রীয় পরিষদ গঠনের বিধান করা হয়। প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সচিবকে চেয়ারম্যান করে ১২ সদস্যের সমন্বয়ে এ পরিষদ গঠিত হবে। বিলে বাংলাদেশ সেনাবাহিনীর অ্যাডজুটেন্ট জেনারেলকে সভাপতি করে উল্লেখিত পরিচালনা পরিষদ গঠনের বিধান করা হয়।